গাংনীতে ক্লিনিক মালিককে ১ বছর কারাদণ্ড ও ১ লাখ টাকা জরিমানা

মেহেরপুরে হাসিনা প্রাইভেট হাসপাতাল ও গাংনী ডায়াগনস্টিক সেন্টারের মালিক হাফিজুর রহমানকে এক বছর বিনাশ্রম কারাদণ্ড, এক লাখ টাকা জরিমানা ও হাসপাতালটি বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমান আদালত।

নানা অব্যবস্থাপনা, ক্লিনিকের প্রয়োজনীয় সরঞ্জামাদি না থাকা, মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স, দক্ষ চিকিৎসক, সেবিকা ও সার্জিক্যাল সরঞ্জামাদি না থাকার অভিযোগে এই দণ্ডাদেশ ও জরিমানা করেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এই দণ্ডাদেশ দেন।

এসময় মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মোহাম্মদ মহী উদ্দিন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার সুপ্রভা রানী, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্েসের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাক্তার আব্দুল্লাহ আল মারুফ, উপজেলা স্বাস্থ্য পরিদর্শক মশিউর রহমান উপস্থিত ছিলেন।

এর আগে মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মহী উদ্দিনের নেতৃত্বে জেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা প্রশাসনের উদ্যোগে প্রায় ২ ঘন্টা ব্যাপি ওই ক্লিনিকে অভিযান পরিচালনা করা হয়।

ভ্রাম্যমা আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রট নাদির হোসেন শামীম বলেন, ২০০৯ সালের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আই নের ৫২ ধারায় ক্লিনিকের মালিক হাফিজুর রহমানকে এক বছর বিনাশ্রম কারাদণ্ড দিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ, এক লাখ টাকা জরিমানা ও হাসিনা প্রাইভেট হাসপাতাল ও গাংনী ডায়াগনস্টিক সেন্টারের হাসপাতাল বিভাগ পরবর্তি নির্দেশনা না দেওয়া পর্যন্ত বন্ধ ঘোষণা করেন।

উল্লেখ্য, গত রবিবার (১৭ মার্চ) বিকালে গাংনী উপজেলার দেবিপুর গ্রামের সেলিমের স্ত্রী পান্না খাতুন ভুল চিকিৎসায় মারা যান। পরে গভীর রাত পর্যন্ত নিহতের স্বজনদের সাথে মিটমাট করার জন্য ২ লাখ টাকার বিনিময়ে দফারফার চেষ্টা করেন ক্লিনিক মালিক। এছাড়া সংবাদ পত্র নিউজ বন্ধ করতে দৌড়ঝাঁপ করেন।

গাংনীর হাসিনা প্রাইভেট হাসপাতালে আবারও ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যু

হাসিনা প্রাইভেট হাসপাতাল ও গাংনী ডায়াগনস্টিক সেন্টারে আবারও ভুল চিকিৎসায় পান্না খাতুন (২২) নামের এক রোগীর মৃত্যু হয়েছে। পান্না খাতুন গাংনী উপজেলার দেবিপুর গ্রামের মো: সেলিমের স্ত্রী।
এঘটনার পরপরই ওই ক্লিনিকের মালিক হাফিজুল ইসলাম ও চিকিৎসকরা ক্লিনিকটি বন্ধ করে পালিয়ে গেছেন।

তবে এই রিপোর্ট লেখা পর্যন্ত, ক্লিনিকের মালিক হাফিজুল ইসলাম বামন্দী করবী ক্লিনিকে বসে রোগীর স্বজনের সাথে টাকা দিয়ে মিটমাট করার প্রচেষ্টা চালাচ্ছিলেন বলে জানা গেছে।

এই ঘটনায় সিজারকারি চিকিৎসক আবু সালেহ মোহাম্মদ ইমরানের সাথে কথা বলার জন্য তার মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও ফোন রিসিভ করেননি।

তবে, ক্লিনিক মালিক হাফিজুল ইসলাম মোবাইল ফোনে জানান, সিজারের সময় আমি অপারেশন থিয়েটারে থাকি। পান্না খাতুন ভুল চিকিৎসায় নয়, কার্ডিয়াক অ্যার্টাক্টে মারা গেছেন। নিহত পান্না খাতুনকে এনেসথেসিয়া দেন চিকিৎসক ইমরান হোসেন।

হাসপাতালের রিসিভসনের দায়িত্বে নিয়োজিত পপি খাতুন বলেন, প্রতিষ্ঠানের মালিক হাফিজুল ইসলাম ইফতার করতে বাড়িতে গেছেন। আর আসেনি। ডাক্তার আবু সালেহ মোহাম্মদ ইমরান সিজার করেছেন। এসময় সেবিকা ছিলেন পারুলা খাতুন নামের একজন।

তিনি আরও জানান, নিহত পান্না খাতুন (২২) সকালের দিকে প্রসব বেদনা নিয়ে আমাদের এখানে ভর্তি হন। সকাল আটটা থেকে সাড়ে আটটার মধ্যে তাকে সিজার করা হয়। রোগী ও সন্তান প্রথম দিকে সুস্থ থাকলেও কিছুক্ষণ পর মা অসুস্থ হয়ে পড়েন। পরে রাউন্ডে আসা চিকিৎসক

মাহবুবুর রহমান রিংকু তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখানেই নিয়ে যাওয়ার সময় পথের মধ্যে মারা যান তিনি।

একই কথা জানান, ক্লিনিক মালিক হাফিজুল ইসলাম। তিনি বলেন, রোগী প্রথম দিকে সুস্থ থাকলেও পরে অসুস্থ হয়ে পড়েন। চিকিৎসক মাহবুবুর রহমান রিংকু তাকে রেফার্ড করেন।

তবে, চিকিৎসক মাহবুবুর রহমান রিংকু বলেন, আমি রোগীর অবস্থা দেখে স্বজনদের বলেছি রোগী এখানে থাকলে মারা যাবে। দ্রুত উন্নত হাসপাতালে নিয়ে যান। তবে, আমি রেফার্ডের কাগজপত্র কোথাও স্বাক্ষর করিনি। রোগীর কার্ডিয়াক অ্যাট্রাক্ট হয়েছে লিখতে বলেছিলেন মালিক। আমি সেটি লিখিনি।

জানা গেছে, এঘটনার পরপরই হাসপাতালের মালিক হাফিজুল ইসলাম বিষয়টি প্রশাসনের নজর এড়াতে শুরু করেন দৌড়ঝাঁপ। রোগীর স্বজনদের সাথে মিটমাট করতে বামন্দীর করবী ক্লিনিকে বসেন। রোগীর স্বজনদের এক লাখ টাকা দিয়ে মিটমাট করার চেষ্টা চালাচ্ছেন। তবে, এক লাখ টাকা নয় আরও বাড়াতে দর কষাকষি চালাচ্ছিলেন।

একটি সুত্র জানিয়েছে, সরকারি বিধি মোতাবেক বেসরকারি হাসপাতালে প্রয়োজনীয় যন্ত্র পাতি না থাকলেও প্রশাসনকে ম্যানেজ করে অবৈধভাবে চালিয়ে যাচ্ছেন সিজারিয়ান। এখানে দক্ষ সিজারিয়ান ও এনেসথেসিয়া চিকিৎসক, নার্স না থাকলেও ক্লিনিক মালিক হাফিজুল ইসলাম চালিয়ে যাচ্ছেন এই ব্যবসা। ওটি রুমে নিজের থাকার ব্যাপারে হাফিজুল ইসলাম বলেন, আমি ক্লিনিকের মালিক হিসেবে ওটিতে থাকতে পারি। সিজার ঠিকঠাক হচ্ছে কিনা সেটা পর্যবেক্ষণ করি। তিনি আরো বলেন, এর আগে জুগিন্দা গ্রামের একজন রোগী মারা গেছেন। সেটি স্থানীয় ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের মাধ্যমে সমঝোতা করা হয়েছে। এটাও সমঝোতা করে নেবো।

গভীর রাত হওয়ায় স্বাস্থ্য বিভাগ ও জেলা প্রশাসনের কর্তাদের বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

মেহেরপুরের বিচার বিভাগের উদ্যোগে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা, দোয়া মাহফিল, ইফতার বিতরন ও এতিমখানায় খাবার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর বিচার বিভাগ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ পালন করেছে।

আজ রবিবার (১৭ মার্চ) মেহেরপুর জেলা জজ আদালত প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মেহেরপুর বিচার বিভাগের সদস্যগণ। অতঃপর জেলা জজ আদালতের মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের ভারপ্রাপ্ত অতিরিক্ত জেলা ও দায়রা জজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবুবকর সিদ্দিক। এ সময় এখানে জেলা জজ আদালত ও চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরে সেখানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিল শেষ উপস্থিত সকলের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করা হয়। অতঃপর একটি এতিমখানা মাদ্রাসায় শিক্ষার্থীদের জন্য বিচার বিভাগ মেহেরপুরের পক্ষ থেকে খাবার পৌঁছে দেয়া হয়।

মুজিবনগর জয়পুর সীমান্তে অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগরে জয়পুর সীমান্ত থেকে এক অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

পুলিশ সূত্রে জানা গেছে আজ রবিবার (১৭ মার্চ) বিকেল সাড়ে ৩ টার দিকে উপজেলার বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামের (আগ্রাগাড়ি মাঠ) ভারতীয় ৯৮ থ্রী এস সীমান্ত পিলার থেকে ১০০ গজ দূরে জয়পুর গ্রামের হান্নাল হটনগরীর পানি সেচ দেওয়া স্যালো মেশিন সংলগ্ন কলার ঝাড়ে সাথে হেলান দেয়া অবস্থায় একজন অজ্ঞাত ব্যক্তির লাশ দেখতে পেয়ে মুজিবনগর থানা পুলিশকে খবর দেয় স্থানীয় কৃষকরা।

খবর পেয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) উজ্বল দত্ত সঙ্গীও ফোর্স এবং বিজিবি কে সাথে নিয়ে ঘটনার স্থল পরিদর্শন করেন এবং লাশ উদ্ধার করে মুজিবনগর থানার হেফাজতে নেন।

প্রাপ্ত ছবি ও তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে লাশের সামনে একটি খাবারের বক্স এবং হিন্দি ও ইংরেজিতে Rail neer লেখা পানির বোতল এবং একটি বিস্কুটের পেকেট পড়ে ছিল। বয়স আনুমানিক ৫০ থেকে ৬০ বছর হবে। মৃত ব্যক্তির বাম হাত সহ সারা শরীরে আঘাতের চিহ্ন ছিল।

এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত জানান, সংবাদ পেয়ে আমরা লাশ থানা হেফাজতে নিয়েছি। এখনো পর্যন্ত লাশটি সনাক্ত করা যায়নি। যখন লাশটি উদ্ধার করা হয় প্রাথমিক তদন্তে লাশের সারা শরীরে আঘাতের চিহ্ন এবং বাম হাতে ছেঁলা জখম ছিল। লাশের সাথে ভারতীয় একটি পানির বোতল, একটি বিস্কুটের প্যাকেট, একটি পত্রিকা এবং খাবার বাটি পাওয়া গেছে।

এ বিষয়ে মুজিবনগর থানায় একটি অজ্ঞাত হত্যা মামলা দায়ের করা হয়েছে।

খবর পেয়ে মেহেরপুর পুলিশ সুপার এস এম নাজমুল হক, বিপিএম (বার), পিপিএম ঘটনা স্থান পরিদর্শন করেন।

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে আলোচনা সভা

মেহেরপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে কোরআন খতম সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজ রবিবার (১৭ মার্চ) বেলা ১২ টার সময় জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন।

এ সময় বক্তব্য রাখেন জেলা মডেল মসজিদ ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান, ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম।

এর আগে স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।

পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

মেহেরপুরে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

“বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে আনব হাসি সবার ঘরে” এই প্রতিপাদ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

রবিবার (১৭ মার্চ) বেলা ১১ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে জেলা প্রশাসনের উদ্যোগে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক তানভীর আহমেদ রুমনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পুলিশ সুপার এস এম নাজমুল হক।

এছাড়াও এসময় স্থানীয় সরকারের উপপরিচালক মোঃ শামীম হোসেন,জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, পিপি পল্লব ভট্টাচার্য, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে সেখানে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুরে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

যাথাযোগ্য মর্যাদায় ও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে মেহেরপুরে জাতির জনক বঙ্গবন্ধু ‌শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও

জাতীয় শিশু দিবস পালন করা হয়েছে।

রবিবার (১৭ মার্চ) সকাল সাড়ে ৯টায় জেলা প্রশাসনের কার্যালয় প্রাঙ্গনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন ও মেহেরপুর জেলা বাসীর পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরপরই পুলিশ বিভাগের পক্ষে পুলিশ সুপার এস এম নাজমুল হক, মেহেরপুর জেলা পরিষদের জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, মেহেরপুর পৌরসভা ও জেলা যুবলীগের পক্ষে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের পক্ষে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড.ইব্রাহিম শাহিন পুষ্পমাল্য অর্পণ করেন।

এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করেন, স্থানীয় সরকারের উপপরিচালক মোঃ শামীম হোসেন, প্রশাসনিক কর্মকর্তা মো: মাহাফুজ জামান, সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য ও মুক্তিযোদ্ধাগণ।

এ সময় মেহেরপুর সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক জেনারেল হাসপাতাল, ◌েগণপূর্ত বিভাগ, আনছার ও ভিডিপি মেহেরপুর, এলজিডি মেহেরপুর, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা তথ্য অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, সদর উপজেলা পরিষদ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসের বিভিন্ন কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পরে সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

মেহেরপুরের সিনিয়র সাংবাদিক মহাসিন আলী আর নেই

দৈনিক মাথাভাঙ্গা ও দৈনিক আলোকিত বাংলাদেশ পত্রিকার জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি মহসিন আলী ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
আজ রবিবার (১৭ মার্চ) ভোরে সেহরি শেষে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার নিজ বাড়িতে মারা যান তিনি। তার স্ত্রী, এক ছেলে, এক মেয়ে বন্ধু বান্ধব, তার সাংবাদিকতা ও স্কুলের সহকর্মী রয়েছেন। এদিকে মহসিন আলীর মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর প্রেসক্লাব, মেহেরপুর জেলা প্রেস ক্লাব, মেহেরপুর প্রতিদিন পরিবার, সাংবাদিকদের বিভিন্ন সংগঠন ও জেলার সকল সাংবাদিকবৃন্দ। মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু মরহুমের পরিবারের বরাত দিয়ে জানান, আজ রবিবার বিকালে আসর নামাজ পর হোটেল বাজার জামে মসজিদে মরহুমের জানাযার নামাজ অনুষ্ঠিত হবে। এর আগে মেহেরপুর প্রেসক্লাবের পক্ষ থেকে প্রেসক্লাবের সামনে বিকাল ৪ টার সময় শ্রদ্ধা নিবেদন ও নামাজে জানাযা অনুষ্ঠিত হবে।
মেহেরপুর জেলার সিনিয়র সাংবাদিক মহসিন আলীর মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেনসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সামাজিক সাংস্কৃতিক সংগঠন।

মেহেরপুরে পুলিশ ট্রেইনি রিক্রুট কনস্টেবল পদে নিয়োগের

লিখিত পরীক্ষা অনুষ্ঠিত

বাংলাদেশ পুলিশের ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) নিয়োগের লক্ষ্যে মেহেরপুর জেলায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়।
শনিবার সকাল ১০টার সময় মেহেরপুর সরকারি কলেজে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রাথমিকভাবে মনোনিত ১৬৩ জন নারী পুরষ এ পরীক্ষায় অংশ নেন।

পুলিশ নিয়োগ বোর্ডের সভাপতি মেহেরপুরের পুলিশ সুপার এস এম নাজমুল হক, বিপিএম(বার), পিপিএম পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরীক্ষা শেষে তিনি পরীক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য দেন।

এসময় পুলিশ সুপার বলেন, কনস্টেবল পদে নিয়োগ হবে অত্যন্ত স্বচ্ছ, নিরপেক্ষ এবং দুর্নীতিমুক্ত। যে সকল প্রার্থীগণ নিজ যোগ্যতা বলে সকল পরীক্ষায় সফলতার সাথে উর্ত্তীণ হতে পারবে শুধুমাত্র তারাই কনস্টেবল পদে নিয়োগ পাবেন। লিখিত পরীক্ষায় যে সকল প্রার্থী নিজ যোগ্যতা ও মেধার উপর সফলতার সাথে উর্ত্তীণ হবে সে-সকল প্রার্থীদের ভাইবা পরীক্ষার জন্য মনোনীত করা হবে। পুলিশ সুপার আরও বলেন, কোন প্রার্থী ও তাদের পরিবারবর্গের যদি কোন প্রতারক বা দালালের প্রলোভনে না পড়ে সে জন্য সবাইকে সর্তক থাকতে হবে।

শেষে তিনি লিখিত পরীক্ষার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হওয়ায় নিয়োগ ডিউটিতে নিয়োজিত পুলিশ সদস্যদের ধন্যবাদ জানান।

মেহেরপুরে জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা

মউকের উদ্দ্যোগে মেহেরপুর সদর উপজেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা সংগঠিত হয়েছে।

আজ শনিবার (১৬ মার্চ) সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা ভাইসচেয়ারম্যান আবুল হাশেমের সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম ম্যনেজার মোছাঃ ফাহিমা আখতার।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন উপজেলা ভাইসচেয়ারম্যান আবুল হাশেম, ইউপি সদস্যা নাশেদা আক্তার উর্মি, ইউপি সদস্য আঃ মজিদসহ আরো অনেকে। সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম অফিসার মোঃ আবুল কালাম।

এ সময় মেহেরপুর সদর উপজেলায় বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আখতার ও মেহেরপুর সদর উপজেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।